



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৫.১১- ৬৬৩

তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ।  
১৮ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয়: পৌরসভাসমূহে যথাসময়ে নিরীক্ষা পরিচালনাকরণ প্রসংগে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৫.১১-১৩৩৮, তারিখ: ০২/১২/২০১৯ খ্রি:।

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৯৪(২) ধারা অনুযায়ী (সংযুক্তি-০১) নির্ধারিত সময়ের ব্যবধানে নিয়মিত সকল পৌরসভার হিসাব নিরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-কে গত ০২/১২/২০১৯ খ্রি: তারিখে সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয় (সংযুক্তি-০২)। উক্ত আইন অনুসারে নির্ধারিত সময়ের ব্যবধানে পৌরসভাসমূহের হিসাব নিরীক্ষা করার বিধান থাকলেও অধিকাংশ পৌরসভার হিসাব কার্যক্রম নিয়মিত নিরীক্ষা করা হচ্ছেনা। ফলে পৌরসভাসমূহের আর্থিক এবং উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছেনা।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৯৪(২) ধারা অনুসারে সকল পৌরসভার হিসাব কার্যক্রম নিরীক্ষা করে প্রতিবেদনের অনুলিপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

ফোন: ৯৫১৪১৪২

বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক  
অডিট ভবন, কাকরাইল, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব(নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল বিভাগ)।
৪. উপসচিব (পৌর-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার জেলা প্রশাসকের কার্যালয় (সকল জেলা)।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মেয়র (সকল) ..... পৌরসভা, জেলা: .....কুষ্টিয়া।
৮. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।